

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়  
উন্নয়ন-২ অধিশাখা

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী:

সভাপতি: মাহমুদা শারমীন বেনু এনডিসি, অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
সভার তারিখ: ২৯ জুলাই, ২০১৮।  
সময়: ১১.০০ ঘটিকা।  
স্থান: অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এর অফিস কক্ষ।

উপস্থিতি:

- ১) জনাব মো: আব্দুল মান্নান উপসচিব (উন্নয়ন-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ২) জনাব ফেরদৌসী বেগম, উপসচিব (বাজেট), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৩) জনাব মো: এনামুল হক প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৪) বেগম ফরিদা খানম, উপপরিচালক (ম্যাজিস্ট্রেট) মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ৫) হাসিনা আখতার খানম, প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ৬) মো: নুরুজ্জামান, প্রোগ্রাম অফিসার, বাংলাদেশ শিশু একাডেমি।


সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান যে, মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নির্দেশে উপসচিব (উন্নয়ন-২) কে সদস্য-সচিব করে 'ইনোভেশন টিম' সংশোধন করা হয়েছে। তিনি বিগত সময়ে যাঁরা এ টিমের সদস্য ছিলেন তাঁদের অবদানের জন্য ধন্যবাদ জানান এবং নতুন টিমে যাঁরা অন্তর্ভুক্ত হয়েছেন তাঁদের স্বাগত জানান এবং সকলের সহযোগিতা কামনা করেন।

২.০ সভায় নিম্নোক্ত বিষয় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
২.১ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা সংক্রান্ত	সভায় নতুন অর্থ বছরে 'ইনোভেশন টিম' এর করণীয় বিষয়াদি উপস্থাপন করা হয়। উপসচিব (উন্নয়ন-২) জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে "মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা, ২০১৮-২০১৯" এবং "মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-২০১৯" জারি করা হয়েছে। এ বছর উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে উক্ত নির্দেশিকা ও মূল্যায়ন কাঠামো অনুসরণ করা জরুরি। সভায় "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা" এর মূল বিষয়াদি উপস্থাপন করা হয়।	২.১.১ 'ইনোভেশন টিম' এর সদস্যগণ মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব সাইট হতে "উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা, ২০১৮-২০১৯" এবং "বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-২০১৯" ডাউনলোড করে তা পড়বেন।

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
	সভাকে অবহিত করা হয় যে, নির্দেশিকায় উদ্ভাবনী উদ্যোগের বিষয়ে পরিকল্পনা প্রণয়ন হতে শুরু করে তা উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং ও শোকেসিং এবং তা বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। সভাপতি মহোদয় সকলকে নির্দেশিকাটি ভালভাবে পাঠ করার অনুরোধ জানান।	
২.২ “বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন	সভাপতি জানান যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্ভাবন কর্মপরিকল্পনা আগামি ৩১-০৮-২০১৮ তারিখের মধ্যে প্রণয়নের নির্দেশনা রয়েছে। সে আলোকে মন্ত্রণালয়ের সহযোগী দপ্তর/সংস্থাকে তাদের খসড়া পরিকল্পনা প্রণয়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত মূল্যায়ন কাঠামো অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনার খসড়াসহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়েছিল। উপস্থিত দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ স্ব-স্ব দপ্তর/সংস্থার পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। আলোচনাক্রমে খসড়াগুলি চূড়ান্ত করা হয়। আলোচনা অনুযায়ী খসড়া সংশোধন করে চূড়ান্ত কপি মন্ত্রণালয়ে প্রেরণের উপর গুরুত্বারোপ করা হয়। দপ্তর/সংস্থার কর্মপরিকল্পনার আলোকে মন্ত্রণালয়ের খসড়া উদ্ভাবন কর্মপরিকল্পনা চূড়ান্ত করা হয়।	২.২.১ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের “বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯” এর খসড়া অনুমোদনের সুপারিশ করা হয় (পরিশিষ্ট-ক)।  ২.২.২. মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণে এ মন্ত্রণালয়ের সহযোগী সংস্থাসমূহ নির্ধারিত সময়ে স্ব-স্ব সংস্থার “বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯” প্রণয়ন করে জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

৩. সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
 (মাহমুদা শারমীন বেনু এনডিসি)  
 অতিরিক্ত সচিব (উন্নয়ন ও পরিকল্পনা)  
 ও চিফ ইনোভেশন অফিসার  
 মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়